# বিশেষ নির্দেশনা

আজকের বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা বিষয়ের দুইসেট (প্রতি সেট ২ পৃষ্ঠা করে ), রসায়ন বিষয়ের দুইসেট (প্রতিসেট ২ পৃষ্ঠা করে) এবং ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের দুইসেট (প্রতিসেট ২ পৃষ্ঠা করে) সৃজনশীল প্রশ্নপত্র আপলোড করা হয়েছে । প্রতিটি বিষয়ের প্রতিসেট প্রশ্নপত্র সমমানসম্পন্ন । প্রধান শিক্ষক মহোদয় সতর্কতার সাথে যে-কোনো একসেট প্রশ্নপত্র নির্বাচন করে প্রিন্ট করে আজকের পরীক্ষা সম্পন্ন করবেন ।- পরীক্ষা নিয়ন্ত্রক

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

বরেন্দ্র

নির্বাচনি পরীক্ষা ২০২৩ খ্রি.

শ্রেণি : দশম

বিষয় : বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (সৃজনশীল) বিষয় কোড : ১৫৩

সময়সীমা : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশে লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ-সহকারে পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে-কোনো **৭টি** প্রশ্নের উত্তর দাও।]

১। ঐশী পার্শ্ববর্তী দেশ ভারতের কোলকাতায় ভিক্টোরিয়া মেমোরিয়াল পার্ক দেখতে যায়। সেখানে বিভিন্ন যুগের জিনিসপত্র যেমন রাজা রামমোহন রায়ের ব্যবহৃত লাঠি, পাগড়ি, টিপু সুলতানের ব্যবহৃত তরবারি, সিপাহি বিপ্লবের বন্দুক প্রভৃতি দেখে অভিভূত হয়। পরে সে কোলকাতার মিউজিয়ামের একটি কক্ষে বিভিন্ন সময়ের ফরমান, সন্ধি, চুক্তিপত্র, দস্তকের অনুলিপি দেখে।

(ক) সাম্প্রতিক ইতিহাস কী ? ১
(খ) ইতিহাসকে শিক্ষণীয় দর্পণ বলা হয় কেন ? ২
(গ) ঐশী দেখা জিনিসপত্র ইতিহাসের কোন ধরনের উপাদান ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) ইতিহাস রচনার উদ্দীপকের শেষাংশের উপাদানের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

২।



চিত্র ১



চিত্র ২

(ক) ইজিয়ান সভ্যতা কী ? ১
(খ) সিন্ধু সভ্যতাকে নগর সভ্যতা বলা হয় কেন ? ২
(গ) চিত্র ১ কোন সভ্যতার লিখন পদ্ধতি ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) চিত্র ২-এ নিদের্শিত সভ্যতাটিতে আইনের ক্ষেত্রে উৎকর্ষ সাধিত হয়েছিল—বিশ্লেষণ করো। ৪

৩। সামাদ সাহেব শ্রেণিকক্ষে প্রাচীন বাংলার একটি রাজবংশ নিয়ে আলোচনা করেন। উক্ত রাজবংশের প্রতিষ্ঠাতা বাংলায় অরাজকতা থেকে মুক্ত করে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠা করেন। তার পুত্রের শাসনামলে বাংলা-বিহার জয় করেন এবং সেই সময় নির্মিত একটি বিহার বিশ্বসভ্যতার নিদর্শন হিসাবে ওয়ার্ল্ড হেরিটেজ স্বীকৃত হয়েছে।

(ক) 'উপরিক' কী ? ১
(খ) সেনদেরকে ব্রহ্মক্ষত্রিয় বলা হয় কেন ? ২
(গ) উদ্দীপকে সামাদ সাহেবের ইঙ্গিতকৃত রাজ বংশের প্রতিষ্ঠাতার সিংহাসন আরোহণের প্রেক্ষাপট বর্ণনা করো। ৩
(ঘ) উদ্দীপকের ইঙ্গিতকৃত রাজবংশের প্রতিষ্ঠাতার পুত্রই ছিল শ্রেষ্ঠ শাসক—বিশ্লেষণ করো। ৪

৪। দুটি হোটেলের খাদ্যতালিকা ছিল নিম্নরূপ :

| হোটেল সাদিয়া | হোটেল তিয়া |
|---|---|
| ভাত | ভাত |
| মাছ | মাছ |
| মাংস | কাবাব |
| দুগ্ধ | রেজালা |
| ক্ষীর | কোর্মা |
| শুঁটকি মাছ | রুটি |
| রকমারি পান | খিচুড়ি |

(ক) সতীদাহ প্রথা কী ? ১
(খ) কীভাবে বাংলা ভাষার সৃষ্টি হয়েছে ? ২
(গ) হোটেল সাদিয়ার খাবারগুলো কোন যুগের প্রতিনিধিত্ব করে ? উক্ত যুগের পোশাক-পরিচ্ছদ বর্ণনা করো। ৩
(ঘ) হোটেল সাদিয়া ও তিয়ার খাদ্য তালিকা পাঠ্যপুস্তকের আলোকে তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

৫।

| | |
|---|---|
| তথ্য ১ | ব্রাহ্মণ , ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র |
| তথ্য ২ | ইউসুফ-জুলেখা, বিজয় রাসুল, চৈতন্য-ভগবত, |

(ক) কদম রাসূল কী ? ১
(খ) কৃষিকে বাংলার অর্থনীতির সমৃদ্ধির মূল উৎস বলা হতো কেন ? ২
(গ) তথ্য ১-এ মধ্যযুগের কোন সমাজের ইঙ্গিত বহন করে ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) তথ্য ২-এ নির্দেশিত বিষয় সুলতানি যুগের শাসকদের অবদান বিশ্লেষণ করো। ৪

৬। দৃশ্য ১ : নুরজাহান টিভিতে দেখলো যে, একজন বীর যোদ্ধা সৈন্য-সহ জঙ্গালের ভিতর দিয়ে অগ্রসর হচ্ছেন। পথিমধ্যে তিনি একটি অঞ্চল জয় করেন। এরপর তিনি গন্তব্যে পৌছান এবং বিনা বাধায় তা জয় করেন। তখন থেকে একটি নতুন যুগের সূচনা হয়।

দৃশ্য ২ : সাব্বির সাহেব কক্সবাজারে কোস্টগার্ডের অফিসার হিসাবে কর্মরত। তিনি দেখলেন যে রোহিঙ্গারা দ্রুতগামী নৌযান দিয়ে মাদক পাচার করছে। তাদের ধরতে গেলে মিয়ানমারে পালিয়ে যায়। তিনি মাদক কারবারীদের আটক করতে সরকারের কাছে দ্রুতগামী নৌযান চাইলেন।

(ক) 'সুবা' কী ? ১

(খ) সৈয়দ হুসেন শাহ্ কীভাবে বাংলার ক্ষমতায় আসেন ? ২

(গ) দৃশ্য ১ কোন বিজেতার প্রতি ইঙ্গিত করে ? ব্যাখ্যা করো। ৩

(ঘ) দৃশ্য ২ সাব্বির সাহেব হলেন সুলতান গিয়াস উদ্দিন ইওজ খলজির প্রতিচ্ছবি—বিশ্লেষণ করো। ৪

৭। দৃশ্য ১ : ১৮শ শতকে ইউরোপীয়রা আফ্রিকায় যায় এবং কুঠি স্থাপন করে ব্যাবসা শুরু করে। কালক্রমে তারা স্থানীয়দের শাসকের বিরুদ্ধে ক্ষেপিয়ে তোলে এবং শাসকের আত্মীয়স্বজনের বিশ্বাসঘাতকতার কারণে তার শোচনীয় পরাজয় ঘটে।

দৃশ্য ২ : শফিক সাহেব একজন শিল্পপতি। তিনি তার দুই ছেলেকে কোম্পানি দেখাশোনার দায়িত্ব দিলেন। তার মধ্যে ছোটো ছেলে অর্থনৈতিক এবং বড়ো ছেলে প্রশাসনিক দায়িত্ব নিলেন। পরে সমন্বয়হীনতার কারণে কোম্পানীতে বিপর্যয় নেমে আসে।

(ক) অন্ধকুপ হত্যা কী ? ১


(খ) কীভাবে কোলকাতা নগরী গড়ে ওঠে ? ২

(গ) দৃশ্য ১ তোমার পাঠ্যপুস্তকের কোন ঘটনার সাথে মিল আছে ? উক্ত ঘটনার কারণ ব্যাখ্যা করো। ৩

(ঘ) দৃশ্য ২ হলো দ্বৈত শাসনের অনুরূপ—বিশ্লেষণ করো। ৪

৮। দৃশ্য ১ : ১৮৫৫ সালের ৩০ জুন ভাগলপুরের ভাগনা ডিহি গ্রামে ১০,০০০ সাঁওতালের এক গণজামায়াত শুরু হয়। এই সময় কানু মুরমু ও সিধু মুরমুর নেতৃত্বে জমিদার ও বৃটিশ সরকারের বিরুদ্ধে সাঁওতালরা বিদ্রোহ করেন। তারা তির-ধনুক, বল্লম, লাঠি, তলোয়ার, প্রভৃতি নিয়ে অগ্রসর হন। বৃটিশ সরকারের নির্দেশে সুদক্ষ সেনাবাহিনীর সামনে তারা বেশিক্ষণ টিকতে পারলো না, শহিদ হলেন কানু মুরমু ও সিধু মুরমু।

দৃশ্য ২ :




(ক) ফরায়েজি আন্দোলন কী ? ১

(খ) শিক্ষা বিস্তারে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান লেখো। ২

(গ) দৃশ্য ১-এর ঘটনাটি তোমার পাঠ্যপুস্তকের কোন ঘটনার সাথে সংগতিপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

(ঘ) দৃশ্য ২-এ '?' চিহ্নিত স্থানের ব্যক্তি সমাজ সংস্কারে স্মরণীয় হয়ে আছেন—বিশ্লেষণ করো। ৪

৯। দৃশ্য ১ : ১. সূর্য সেন ২. প্রীতিলতা ওয়াদ্দেদার ৩. কল্পনা দত্ত ৪. বাঘা যতীন

দৃশ্য ২ : শিল্পপতি রহমান সাহেব গ্রুপ অব কোম্পানির মালিক। শ্রমিকদের দাবি দাওয়ার জন্য তিনি বিরক্ত। একটি কোম্পানিতে ধর্মঘট হলে অন্যরাও ধর্মঘট শুরু করে। সর্বশেষে রহমান সাহেব কর্মীদের অর্ধেককে রেখে বাকিদের অন্য কারখানায় বদলি করেন। যার ফলে আন্দোলন কিছুটা দুর্বল হয়ে যায়।

(ক) এনফিল্ড রাইফেল কী ? ১

(খ) জালীয়ানওয়ালাবাগ হত্যাকান্ড ব্যাখ্যা করো। ২

(গ) দৃশ্য ১-এর ব্যক্তিরা কোন আন্দোলনের সাথে সম্পৃক্ত ? এ আন্দোলন ব্যর্থ হয়েছিল কেন ? ৩

(ঘ) দৃশ্য ২-এর ঘটনাটি বঙ্গভঙ্গের যে কারণের সাথে সম্পৃক্ত তা বিশ্লেষণ করো। ৪

১০। প্রায় ১০০০ মাইলের ব্যবধানে ধর্মের ভিত্তিতে 'ক' ও 'খ' নামক দুটি ভূ-খন্ড নিয়ে একটি রাষ্ট্রের জন্ম হয়। শুরু থেকেই 'ক' অঞ্চল 'খ' অঞ্চলের জনগণকে নানাভাবে বঞ্চিত করতে থাকে। একই কাজে নিয়োজিত দুই অঞ্চলের শ্রমিকদের দুই রকম বেতন। কর্মকর্তা ও কর্মচারীদের বেতন 'ক' ও 'খ' অঞ্চলে বৈষম্য বিদ্যমান।

অপরদিকে 'খ' অঞ্চলের জনপ্রিয় নেতাদের মিথ্যা অপবাদ ও মামলা দিয়ে নিষ্ক্রিয় করে রাখার চিন্তা করা হয়। এমতাবস্থায় এক তুমুল জনপ্রিয় নেতাকে মিথ্যা মামলার প্রতিবাদে 'খ' অঞ্চলের লোকজন গণবিক্ষোভে ফেটে পড়ে এবং তাকে নিঃশর্ত মুক্তি দিতে বাধ্য হয়।

(ক) আগরতলা ষড়যন্ত্র মামলার সরকারি নাম কী ? ১

(খ) ছয় দফাকে মুক্তির সনদ বলা হয় কেন ? ২

(গ) উদ্দীপকের ১ম অংশের সাথে পশ্চিম পাকিস্তানিদের কোন বৈষম্য নির্দেশ করে ? ব্যাখ্যা করো। ৩

(ঘ) উদ্দীপকের ২য় অংশ ১৯৬৯-এর গণঅভ্যুত্থান নির্দেশ করে—বিশ্লেষণ করো। ৪

১১।

| | | | |
|---|---|---|---|
| তথ্য ১ | অঞ্চল | জাতীয় পরিষদ | প্রাদেশিক পরিষদ |
| | ক | ১৬৯ | ৩১০ |
| | খ | ১৪৪ | ৩১১ |
| তথ্য ২ | সরকার গঠন | | ১০ এপ্রিল ১৯৭২ |
| | শপথ গ্রহণ | | ১৭ এপ্রিল ১৯৭২ |
| | সরকারের সদর দপ্তর | | কলকাতা |

(ক) অপারেশন সার্চলাইট কী ? ১

(খ) যৌথ কমান্ড গঠিত হয়েছিল কেন ? ২

(গ) তথ্য ১ কোন নির্বাচনের ইঙ্গিত করে ? উক্ত নির্বাচনের ফলাফল ব্যাখ্যা করো। ৩

(ঘ) তথ্য ২-এ উল্লিখিত সরকারই বাংলাদেশের পক্ষে বিশ্ব জনমত সৃষ্টিতে অগ্রণী ভূমিকা পালন করে—বিশ্লেষণ করো। ৪

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

নির্বাচনি পরীক্ষা ২০২৩ খ্রি.

শ্রেণি : দশম

বিষয় : বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (সৃজনশীল) বিষয় কোড : ১৫৩

সময়সীমা : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশে লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ-সহকারে পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে-কোনো **৭টি** প্রশ্নের উত্তর দাও।]

১। তনিমা তার বাবার সাথে একটি জাদুঘরে গিয়ে প্রাচীন রাজা বাদশাদের ব্যবহৃত বিভিন্ন দ্রব্য, তরবারি, ও মুদ্রা দেখতে পায়। সে জানতে পারে এই নিদর্শনসমূহ ইতিহাসের একটি উপাদান। জাদুঘরের অপর প্রান্তে বিভিন্ন বই, চিঠিপত্র ও দলিল দেখতে পায়। তনিমার বাবা তাকে আরও বলেন, ইতিহাসের রচনার ক্ষেত্রে এই উপাদানগুলো বেশি গুরুত্বপূর্ণ।

(ক) বিষয়বস্তুগত ইতিহাস কী? ১

(খ) হেরোডোটাসকে ইতিহাসের জনক বলা হয় কেন? ২

(গ) তনিমা প্রথম কোন উপাদান দেখেছে? ব্যাখ্যা করো। ৩

(ঘ) তনিমার বাবার শেষ উক্তিটি বিশ্লেষণ করো। ৪

২। উদ্দীপক ১ : সম্রাট শাহজাহানের চার ছেলের মধ্যে উত্তরাধিকারের দ্বন্দ্ব হয়। প্রত্যেকেরই ইচ্ছা ছিল সম্রাট এর মালিক হওয়া। প্রথমে সম্রাট আওরঙ্গজেবের সাথে দারাসিকোর সংঘর্ষ বাঁধে। পরবর্তীকালে অন্য দুই ভাইকেও পরাজিত করে তিনি সম্রাট হন।

উদ্দীপক ২ : পার্বত্য চট্টগ্রামের মুরমু জনগোষ্ঠী বৃক্ষপূজা করে। তার পূর্বপুরুষ ও মাতৃপূজায় অভ্যস্ত। পারলৌকিক কারণে তারা পূজা-পার্বণ করে।

(ক) হায়ারোগ্লিফিক কী? ১

(খ) মিশরকে নীলনদের দান বলা হয় কেন? ২

(গ) উদ্দীপক ১ রোমান সভ্যতার কোন ঘটনার সাথে সম্পৃক্ত? ব্যাখ্যা করো। ৩

(ঘ) উদ্দীপক ২ ধর্মক্ষেত্রে সিন্ধু সভ্যতারই নামান্তর—বিশ্লেষণ করো। ৪

৩। দশম শ্রেণির শিক্ষার্থীর চুমকি সবুর সাহেবকে বলেন, স্যার তাহলে আমরা বলতে পারি বাংলায় না হলেও ফখরুদ্দিন মোবারকের মাধ্যমে স্বাধীনতার সূচনা হলেও মূলত অন্য একটি রাজবংশকে সুলতানি শাসনের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়। অন্যদিকে সবুর সাহেব দশম শ্রেণির শিক্ষার্থীদের জানান যে বাংলায় একসময় দ্রব্যমূল্য এত সস্তা ছিল যে, টাকায় ৮ মন চাল পাওয়া যেত। অর্থনৈতিক সমৃদ্ধির মূলে ছিল শিল্প ও ব্যাবসা-বাণিজ্য প্রসার।


(ক) মধ্যযুগ কী? ১

(খ) ঢাকাতে জাহাঙ্গীরনগর নামকরণ করা হয় কেন? ২

(গ) উদ্দীপকে চুমকি কোন শাসকের প্রতি ইঙ্গিত করেছেন? উক্ত শাসকের সুলতানি শাসনামলের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয় কেন ব্যাখ্যা করো। ৩

(ঘ) সবুর সাহেব নির্দেশিত শাসকের শাসনকাল—বিশ্লেষণ করো। ৪

৪।



চিত্র ১



চিত্র ২

(ক) ফরায়েজী আন্দোলন কী? ১

(খ) ব্রাহ্মসমাজ সমাজ প্রতিষ্ঠা হয় কেন? ২

(গ) চিত্র ১-এ উল্লিখিত ব্যক্তি সমাজ সংস্কারক হিসাবে পরিচিত—বর্ণনা করো। ৩

(ঘ) চিত্র ২-এ উনিশ শতকের শেষার্ধে মুসলমান সমাজের নবজাগরণ তার অবদান অনস্বীকার্য—বিশ্লেষণ করো। ৪

৫। দৃশ্য ১ : ফেরদৌস বন্ধুদের সাথে ভারতের মুর্শিদাবাদ বেড়াতে যান। সে জানতে পারল যে বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজার রাজধানী এখানে ছিল। তিনি উত্তর ভারত-সহ বহু অঞ্চল জয় করেন।

দৃশ্য ২ : নয়ন নওগাঁ জেলায় মামার বাড়িতে বেড়াতে যায়। সে দেখল যে দেশের বিভিন্ন অঞ্চল থেকে পর্যটকরা এখানে প্রাচীন বৌদ্ধ স্থাপনা দেখতে আসেন। স্থাপনাটি ইউনেস্কো কর্তৃক বিশ্বসভ্যতা নিদর্শন হিসাবে স্বীকৃত। উল্লেখ্য এর নির্মতা ৫০টির ও বেশি শিক্ষা কেন্দ্র নির্মাণ করেন।

(ক) মহাসামন্ত কী? ১

(খ) মাৎস্যন্যায় যুগ ব্যাখ্যা করো। ২

(গ) দৃশ্য ১-এ তোমার পাঠ্যপুস্তকের কোন শাসকের সাথে সামঞ্জস্যপূর্ণ? তার উত্তর ভারত জয়ের বর্ণনা করো। ৩

(ঘ) দৃশ্য ২ নয়নের দেখা স্থাপনাটি ধর্মপালের অনেক কীর্তির একটি—বিশ্লেষণ করো। ৪

৬। সৌরভ তার ইতিহাস বই পড়ে জানতে পারে এক ব্যক্তি বিকল্প পথের স্বল্প সংখ্যক সৈন্য নিয়ে বাংলা আক্রমণ করে দখল করেন। অন্যদিকে সুমনের বাবা তাকে জানান বাংলায় এমন এক শাসক ছিলেন। তিনি আরব দেশীয় লোক ছিলেন। তার পিতা ও ভাইয়ের সাথে মক্কা থেকে এই দেশে আসেন এবং পরবর্তীকালে ক্ষমতায় বসেন।

(ক) বারভূইয়া কারা ? ১

(খ) বাংলাকে বুলগাকপুর বলা হয় কেন ? ২

(গ) সৌরভ তার পঠিত বই থেকে কোন শাসকের কথা জানতে পারে ? ব্যাখ্যা করো। ৩

(ঘ) তুমি কি মনে করো, সুমনের বাবার বর্ণিত শাসকের শাসনামলকে স্বর্ণযুগ বলা হয় ? বিশ্লেষণ করো। ৪

৭। ঈদের ছুটিতে শশী বাংলাদেশের একটি স্মৃতিসৌধ পরিদর্শন করে জানতে পারে দেওয়ালগুলো ২৪ বছরের পাকিস্তানি ঔপনিবেশিক শোষণের প্রতীক। তার বান্ধবীও এমন একটি স্মৃতিস্তম্ভ প্রদর্শন করে সেখান থেকে আমাদের স্বাধীনতার ডাক দেয়েছিলেন।

(ক) বজ্রকণ্ঠ কী ? ১

(খ) জাতীয় পতাকাকে বাংলাদেশের সার্বভৌমত্বের প্রতীক বলা হয় কেন ? ২

(গ) উদ্দীপকে বর্ণিত শশীর পরিদর্শনকৃত স্মৃতিসৌধটির নাম কী ? বর্ণনা করো। ৩

(ঘ) শশীর বান্ধবী পরিদর্শনকৃত স্মৃতিস্তম্ভটি মহান স্বাধীতার যে ঘটনার প্রেক্ষাপটে স্থাপিত তা বিশ্লেষণ করো। ৪

৮।

| | |
|---|---|
| তথ্য ১ | অনুশীলন, স্বদেশ বান্ধব, ব্রতী, |
| তথ্য ২ | লুর্ড কার্জন, ভাগ করো ও শাসন করো, বিশাল বাংলা প্রদেশ |

(ক) প্রথম স্বাধীনতা সংগ্রাম কী ? ১

(খ) খিলাফত অন্দোলন কেন হয়েছিল ? ২

(গ) তথ্য ১ কোন আন্দোলনের সাথে সম্পৃক্ত ? এ আন্দোলন ব্যর্থ হয়েছিল কেন ? ৩

(ঘ) তথ্য ২ যে ঘটনাটির সম্পৃক্ত তার কারণ বিশ্লেষণ করো। ৪

৯।

| | | | | |
|---|---|---|---|---|
| আব্দুস সালাম | আকুল বরকত | আব্দুল জব্বার | শফিউর রহমান | রফিক উদ্দিন আহমেদ |

(ক) লাহোর প্রস্তাব কী ? ১

(খ) শহীদ দিবস কীভাবে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে ঘোষিত হয় ? ২

(গ) ছকের মনীষীগণ কোন আন্দোলনের সাথে জড়িত ? এই আন্দোলনের নারীদের ভূমিকা লেখো। ৩

(ঘ) উক্ত আন্দোলন ছিল বর্বতার বিরুদ্ধে প্রথম বিজয়—বিশ্লেষণ করো। ৪

১০। সোহান দক্ষ গাড়িচালক হিসাবে বগুড়া- ঢাকা রুটে বিআরটিসি বাস চালান। পরবর্তীকালে তিনি রুট পরিবর্তন করে ঢাকা-কুমিল্লা বাস চালান।

(ক) প্রাচীন যুগ কী ? ১

(খ) বাংলাদেশের জনগণ সংগ্রামী কেন ? ২

(গ) সোহানের পরবর্তীকালে রুটটি কোন জনপদকে নির্দেশ করে ? ব্যাখ্যা করো। ৩

(ঘ) সোহানের প্রথম রুটটি ছিল সবচেয়ে সমৃদ্ধ জনপদ—বিশ্লেষণ করো। ৪

১১। দৃশ্য ১ : শ্রীপুর স্কুলের দশম শ্রেণির শিক্ষার্থীরা ঐতিহাসিক স্থান ঢাকার বাহাদুর শাহ পার্কে যায়। শিক্ষক কাছ থেকে জানতে পারল যে, ব্রিটিশ সরকার জনগণে আতঙ্ক সৃষ্টির জন্য অনেককে ফাঁসির দড়িতে ঝুলিয়ে রাখতো।

দৃশ্য ২ : স্বত্ববিলোপ নীতি, রাওলাট আইন

(ক) বয়কট আন্দোলন কী ? ১

(খ) লাহোর প্রস্তাবের প্রধান দুটি ধারা ব্যাখ্যা করো। ২

(গ) দৃশ্য ১-এ শিক্ষার্থীদের দেখা স্থাপনাটি কোন ঘটনা সঙ্গে জড়িত ? এর সামরিক কারণটি ব্যাখ্যা করো। ৩

(ঘ) দৃশ্য ২-এ পদক্ষেপের ফলে দেশবাসী ক্ষুব্ধ হয়েছিল—বিশ্লেষণ করো। ৪

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

বোর

নির্বাচনি পরীক্ষা ২০২৩ খ্রি.

দশম শ্রেণি

বিষয় কোড : ১৩৭

বিষয় : রসায়ন (সৃজনশীল)

সময়সীমা : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমান : ৫০

[ডান পার্শ্বের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও ।]
[যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও ।]

১। $(i)\ {}_{29}A, {}_{23}B$

$(ii)$ প্রকৃতিতে $D$ মৌলটির আইসোটোপের শতকরা পরিমাণ যথাক্রমে—

$^{64}D - 48.6\%, ^{66}D - 27.9\%, ^{67}D - 4.1\%, ^{68}D - 18.8\%, ^{70}D - 0.6\%$

[এখানে $A, B$ ও $D$ প্রচলিত অর্থে নয়]

(ক) আয়নিকরণ শক্তি কাকে বলে ? ১

(খ) $P$ অপেক্ষা $S$ এর পারমাণবিক আকার কম কেন ব্যাখ্যা করো ? ২

(গ) $D$ মৌলটির আপেক্ষিক পারমাণবিক ভর নির্ণয় করো । ৩

(ঘ) $(i)$ নম্বর উদ্দীপকের মৌল দুটির ইলেকট্রন বিন্যাসরীতি অভিন্ন কি না ব্যাখ্যা করো । ৪

২।

| | | | |
|---|---|---|---|
| $A$ | $Be$ | | $M$ |
| $Na$ | $B$ | | $T$ |

[এখানে $A, B, T$ ও $M$ প্রচলিত অর্থে নয়]

(ক) উর্দ্ধপাতন কাকে বলে ? ১

(খ) বরফ গলনের পুরো সময় তাপমাত্রা একই থাকে কেন ? ২

(গ) পর্যায় সারণিতে $T$ মৌলটির অবস্থান নির্ণয় করো । ৩

(ঘ) $A, B, M$ মৌলগুলোর তড়িৎ ঋণাত্মকতার ক্রম ব্যাখ্যা করো । ৪

৩। $(i)$ $A$ একটি হাইড্রোকার্বন যার আণবিক ভর 16 $(ii)\ {}_{19}C,\ {}_{9}D$

[এখানে $A, C$ ও $D$ প্রচলিত অর্থে নয় ।]

(ক) মোলারিটি কাকে বলে ? ১

(খ) রাসায়নিক সমীকরণে সমতাকরণ গুরুত্বপূর্ণ কেন ? ২

(গ) $(i)$ নম্বর যৌগটির বন্ধন গঠন প্রক্রিয়া ডায়াগ্রাম-সহ বর্ণনা করো । ৩

(ঘ) $CD$ যৌগটি পানিতে দ্রবীভূত হবে কি না ব্যাখ্যা করো । ৪

৪। রসায়ন পরীক্ষাগারে চারটি বোতলে প্রথম তিনটি নমুনায় যথাক্রমে $X, Y, Z$ এর ক্লোরাইড লবণ বিদ্যমান । যেখানে, $X \rangle Y \rangle Pb \rangle H \rangle Z$ ( ধাতুর সক্রিয়তার ক্রম অনুসারে) এবং চতুর্থটিতে কটু স্বাদযুক্ত এবং পিচ্ছিল প্রকৃতির একটি অজানা নমুনা $P$ রাখা আছে । [এখানে $X, Y, Z$ ও $P$ প্রচলিত অর্থে নয় ।]

(ক) সমাণুকরণ বিক্রিয়া কাকে বলে ? ১

(খ) বিক্রিয়ার হার তাপমাত্রার উপর নির্ভরশীল কেন ? ২

(গ) উদ্দীপকের $Y$ যৌগের সাথে ক্লোরিনের বিক্রিয়ায় ইলেকট্রনের স্থানান্তর ঘটে—ব্যাখ্যা করো । ৩

(ঘ) পরীক্ষাগারে প্রদত্ত নমুনাসমূহ হতে নীল রঙের দ্রবণ প্রস্তুত করা সম্ভব কি না সমীকরণ-সহ ব্যাখ্যা করো । ৪

[অপর পৃষ্ঠায় দেখ]

৫। (i) একটি বিকারে $250ml$ $o.4M$ পটাশিয়াম হাইড্রোক্সাইডের দ্রবণ এবং অন্য একটি বিকারে $4.9gm$ সালফিউরিক অ্যাসিডের $200ml$ দ্রবণ আছে।

(ii) তিন কার্বনবিশিষ্ট সম্পৃক্ত হাইড্রোকার্বন $M$ [এখানে $M$ প্রচলিত অর্থে নয়।]

(ক) ঘনীভবন পলিমারকরণ বিক্রিয়া কাকে বলে? ১

(খ) অ্যালকেন অপেক্ষা অ্যালকিন অধিক সক্রিয় কেন? ২

(গ) $(ii)$ নম্বর উদ্দীপকের $M$ যৌগটি ডিকার্বক্সিলেশন বিক্রিয়ার সাহায্যে প্রস্তুতি সমীকরণ-সহ লেখো। ৩

(ঘ) (i) নম্বর উদ্দীপকের দ্রবণদ্বয়কে মিশ্রিত করা হলে উক্ত মিশ্রণে $p^H$ পেপার যোগ করলে পেপারের বর্ণের পরিবর্তন ঘটবে কি না সমীকরণ-সহ ব্যাখ্যা করো। ৪

৬। (i) $A + HCl \rightarrow C_3H_7Cl$

(ii) $B + Cl_2 \rightarrow C_3H_7Cl + HCl$ ; [এখানে $A$ ও $B$ প্রচলিত অর্থে নয়।]

(ক) মুদ্রা ধাতু কাকে বলে? ১

(খ) প্রশমন বিক্রিয়া রেডক্স বিক্রিয়া নয় কেন? ২

(গ) $(i)$ নম্বর উদ্দীপকের উৎপাদ থেকে কীভাবে অ্যালডিহাইড উৎপাদন করা হয় সমীকরণ-সহ লেখো। ৩

(ঘ) $A$ ও $B$ যৌগের পারস্পরিক রূপান্তর সম্ভব কি না সমীকরণ-সহ ব্যাখ্যা করো। ৪

৭। নিচের উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

$(i)\ CH_3-(CH_2)_{10}-CH_2Cl + NaOH(aqu) \rightarrow M \xrightarrow{H_2SO_4} N \xrightarrow{NaOH} O$

$(ii)\ C_{17}H_{35}COOH + NaOH \longrightarrow P$ ; [এখানে $M, N, O$ ও $P$ প্রচলিত অর্থে নয়।]

(ক) আপেক্ষিক পারমাণবিক ভর কাকে বলে? ১

(খ) কৃষিক্ষেত্রে $P^H$ গুরুত্বপূর্ণ কেন? ২

(গ) $(i)$ নম্বর বিক্রিয়াটি বর্ণনা-সহ সম্পন্ন করো। ৩

(ঘ) P যৌগটি ময়লা পরিষ্কারকরণের ক্ষেত্রে সকল পানিতে সমানভাবে কার্যকর কি না কৌশল-সহ ব্যাখ্যা করো। ৪

৮। নিচের উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

$A \rightarrow 1s^22s^22p^63s^2$

$B \rightarrow 1s^22s^22p^63s^23p^64s^1$

$C \rightarrow 1s^22s^22p^63s^23p^5$

$D \rightarrow 1s^22s^22p^63s^23p^6\ 3d^64s^2$

(ক) আইসোটোপ কী? ১

(খ) ভিনেগারকে খাদ্য সংরক্ষক বলা হয় কেন? ২

(গ) $AC_2$ যৌগের জলীয় দ্রবণের তড়িৎ বিশ্লেষণের ক্রিয়াকৌশল ব্যাখ্যা করো। ৩

(ঘ) $B$ ও $D$ মৌলদ্বয়ের নিষ্কাশন প্রক্রিয়া ভিন্ন কেন? সমীকরণ-সহ ব্যাখ্যা করো। ৪

--০--

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

রাদারফোর্ড

নির্বাচনি পরীক্ষা ২০২৩

দশম শ্রেণি

বিষয় কোড : ১৩৭

বিষয় : রসায়ন (সৃজনশীল)

সময়সীমা : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমান : ৫০

[ডান পার্শ্বের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও।]
[যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।]

১। $(i)$ একটি ফসফেট যৌগে $H-3.06\%$ এবং $O-65.31\%$ বিদ্যমান।
$(ii)$ একটি পাত্রে $250ml$ দ্রবণে $0.1M$ $Ca(OH)_2$ এবং অপর পাত্রে $150ml$ দ্রবণে $0.5M$ $HNO_3$ বিদ্যমান।

(ক) দহন বিক্রিয়া কাকে বলে? ১
(খ) সকল পলিমারকরণ বিক্রিয়াকে সংযোজন বিক্রিয়া বলা যায় না কেন? ২
(গ) $(i)$ নম্বর উদ্দীপকের যৌগটির স্থূল সংকেত নির্ণয় করো। ৩
(ঘ) $(i)$ নম্বর উদ্দীপকের দ্রবণদুটির একত্রিত করে সম্পূর্ণ প্রশমিত করতে কোন পদার্থের কী পরিমাণ মিশ্রিত করতে হবে গাণিতিকভাবে ব্যাখ্যা করো। ৪

২।

| ধাতুর সক্রিয়তার সিরিজ | $Mg$ | $A$ | $Zn$ | $B$ | $Pb$ | $D$ |
|---|---|---|---|---|---|---|

[এখানে $A, B$ ও $D$ প্রচলিত অর্থে নয়।]

(ক) ডিকার্বক্সিলেশন বিক্রিয়া কাকে বলে? ১
(খ) $C_4H_8$ কে অসম্পৃক্ত হাইড্রোকার্বন বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
(গ) আকরিক থেকে $A$ মৌলটির নিষ্কাষণ প্রক্রিয়া বর্ণনা করো। ৩
(ঘ) $B$ ও $D$ মৌলদুটির নিষ্কাষণ প্রক্রিয়া অভিন্ন কি না ব্যাখ্যা করো। ৪

৩। $(i)$ $C_nH_{2n-2}[n=3]$ $(ii)$ $R-R[n=1]$ $(iii)$ $R-H[n=1]$ এখানে, $[R=C_nH_{2n+1}]$


(ক) ওয়াশিং সোডা কাকে বলে? ১
(খ) টয়লেট ক্লিনারে সোডিয়াম হাইপোক্লোরাইড ব্যবহার করা হয় কেন? ২
(গ) $(i)$ নম্বর যৌগটির অসম্পৃক্ততার পরীক্ষা বর্ণনা করো। ৩
(ঘ) $(ii)$ নম্বর যৌগ হতে $(iii)$ নম্বর যৌগটি প্রস্তুত করা সম্ভব কি না ব্যাখ্যা করো। ৪

৪। $(i) Mg + A \rightarrow MgSO_4 + H_2$ [এখানে $A$ প্রচলিত অর্থে নয়।]
$(ii) KOH + H_2SO_4 \rightarrow K_2SO_4 + H_20$

(ক) ফ্যাটি অ্যাসিড কাকে বলে? ১
(খ) জীবাশ্ম জ্বালানির অতিরিক্ত ব্যবহার পরিবেশবান্ধব নয় কেন? ২
(গ) $(ii)$ নম্বর বিক্রিয়াটিতে প্রশমন তাপের মান ধ্রুবক থাকে কেন? সমীকরণ-সহ ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের $A$ যৌগটিতে বিদ্যমান মৌলসমূহের একাধিক জারণসংখ্যা প্রদর্শন করে কি না ব্যাখ্যা করো। ৪

[অপর পৃষ্ঠায় দেখ]

৫। $(i) C_2H_2 + Cl_2 \rightarrow C_2H_2Cl_4$;
$(C-H, Cl-Cl, C-Cl, C\equiv C, C-C)$ এর বন্ধনশক্তি যথাক্রমে $414, 244, 326, 812, 344 Kj/mol$




চিত্র –A, $ZnSO_4$ দ্রবণ চিত্র –B, $Ag_2SO_4$ দ্রবণ

চিত্র : গ্যালভানিক কোষ

(ক) ক্ষার কাকে বলে ? ১

(খ) মিথেন দহনে তাপ ও আলো উৎপন্ন হয় কেন ? ২

(গ) $(i)$ নম্বর বিক্রিয়াটির $\Delta H$ এর মান নির্ণয় করো। ৩

(ঘ) $(ii)$ নম্বর উদ্দীপকের বিক্রিয়ায় উভয় তড়িদ্দ্বার ক্ষয়প্রাপ্ত হয় কি না সমীকরণ-সহ ব্যাখ্যা করো। ৪

৬। ${}_{25}A, {}_{17}B, {}_{20}C$ [$A, B, C$ প্রচলিত অর্থ বহন করে না।]

(ক) বন্ধনশক্তি কাকে বলে ? ১

(খ) আইসোটোপসমূহের আপেক্ষিক পারমাণবিক ভর ভিন্ন কেন ? ২

(গ) পর্যায় সারণিতে $A$ মৌলটির অবস্থান নির্ণয় করো। ৩

(ঘ) $BC_2$ মৌলটি পোলার দ্রাবকে দ্রবীভূত হয় কি না ব্যাখ্যা করো। ৪

৭।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| $Li$ | | | $A$ | $T$ | $Ne$ |
| | $D$ | | | $E$ | |

[$A, D, E, T$ প্রচলিত অর্থ বহন করে না।]

(ক) মোলার দ্রবণ কাকে বলে ? ১

(খ) আণবিক সংকেত ও স্থূল সংকেত সবসময় একই হয় না কেন ? ২

(গ) $T_2$ অণুর বন্ধন গঠন প্রক্রিয়ার সচিত্র বর্ণনা করো। ৩

(ঘ) $A, D, E$ এর তড়িৎ ঋণাত্মকতার ক্রম ব্যাখ্যা করো। ৪

৮। $(i)\ H_2SO_4 + SO_3 \rightarrow A$ [$A$ প্রচলিত অর্থ বহন করে না।]

$(ii)\ Cu_2O + O_2 \rightarrow CuO$

$(iii) 20g\ 0.1M\ CaCO_3$ দ্রবণের সাথে $30g\ 0.5M\ HCl$ দ্রবণ মিশ্রিত করা হলো।

(ক) নিরুদক কাকে বলে ? ১

(খ) নাইট্রোজেন অপেক্ষা অক্সিজেনের ব্যাপন হার কম কেন ? ২

(গ) $(iii)$ নম্বর বিক্রিয়াটিতে অবশিষ্ট যৌগের মোট পরমাণুর সংখ্যা নির্ণয় করো। ৩

(ঘ) $(i)$ ও $(ii)$ নম্বর বিক্রিয়াদুটি উভয়ই সংযোজন বিক্রিয়া হলেও ইলেকট্রনের স্থানান্তর হয় কি না ব্যাখ্যা করো। ৪

--০--

[অপর পৃষ্ঠায় দেখ]

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর গড়াই

নির্বাচনি পরীক্ষা ২০২৩ খ্রি.

শ্রেণি : দশম

বিষয় : ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল) বিষয় কোড : ১৫২

সময়সীমা : ২ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[বিশেষ দ্রষ্টব্য : ডান পাশে লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ-সহকারে পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। প্রত্যেক বিভাগ থেকে কমপক্ষে ৩টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ (ফিন্যান্স অংশ)

১. জনাব খশরু 'ইত্যাদি বুক কর্নার' এর মালিক। লাইব্রেরিটি প্রতিষ্ঠার পর থেকে শুধু পাঠ্যপুস্তক বিক্রি করতেন। এটি জেলা শহর থেকে দূরে একটি বাজারে স্থাপিত হওয়ায় ক্রেতার অভাবে তিনি আশানুরূপ লাভবান হতে পারেননি। এজন্য তিনি এবছর থেকে পাঠ্যপুস্তকের পাশাপাশি প্রযুক্তি-বিষয়ক বই, গল্প, উপন্যাস এবং ধর্মীয় বই বিক্রয় শুরু করেছেন। একই সাথে স্টেশনারি দ্রব্য বিক্রয় ও মোবাইল ব্যাংকিং কার্যক্রমও পরিচালনার সিদ্ধান্ত নিলেন।

(ক) অর্থায়ন কী? ১

(খ) বিনিয়োগ সিদ্ধান্ত বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

(গ) জনাব খশরু অর্থায়নের কোন নীতিটি অনুসরণ করছেন? বর্ণনা করো। ৩

(ঘ) জনাব খশরুর আর্থিক সিদ্ধান্তের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

২. বিদ্যালয়ের পাশে অবস্থিত সবুজ ভ্যারাইটিজ স্টোর-এর মালিক জনাব সবুজ ক্রেতাদের চাহিদা থাকা সত্ত্বেও প্রয়োজনীয় অর্থের অভাবে ফ্রিজের ব্যবস্থা না করতে পারায় আইসক্রিম ও ঠান্ডা কোমল পানীয় বিক্রয় করতে পারছেন না। অবশেষে একটি আইসক্রিম ফ্যাক্টরি একটি ফ্রিজ ও প্রয়োজনীয় আইসক্রিম তিন মাসের জন্য বাকিতে ক্রয়ের সুযোগ দিলেন। এছাড়া তিনি স্থানীয় একজন কোমল পানীয় পরিবেশকের কাছে থেকে এক মাসের জন্য বাকিতে কিছু কোমল পানীয় ক্রয় করলেন।

(ক) অবণ্টিত মুনাফা কী? ১

(খ) ঋণপত্র বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

(গ) জনাব সবুজ বহিস্থ অর্থায়নের কোন উৎস থেকে অর্থের সংস্থান করেছেন? বর্ণনা করো। ৩

(ঘ) বহিস্থ অর্থায়নের মধ্যমেয়াদি উৎস থেকে উদ্দীপকে বর্ণিত উৎসের সুবিধাগুলো তুলনা করো। ৪

৩. জনাব আমির হোসেন ও জনাব সমির উভয়ই এম এন কোম্পানির ঋণদাতা। জনাব আমির হোসেন জামানত-সহ বিনিয়োগ করলেও জনাব সমিরের বিনিয়োগ ছিল জামানতবিহীন। কোম্পানি বিলুপ্তিকালে তার সমুদয় সম্পদ বিক্রির প্রাপ্ত অর্থ দিয়ে অগ্রাধিকার ভিত্তিতে জনাব আমির হোসেনের সম্পূর্ণ পাওনা পরিশোধ করলেন। কিন্তু অর্থের অপ্রতুলতার কারণে জনাব সমিরের সম্পূর্ণ পাওনা পরিশোধ করলেন না।

(ক) শেয়ার কী? ১

(খ) সাধারণ শেয়ার বিনিয়োগকারীদের কাছে তরল সম্পদ হিসেবে সমাদৃত কেন? ব্যাখ্যা করো। ২

(গ) জনাব আমির হোসেন কোন খাতে বিনিয়োগ করেছিলেন? বর্ণনা করো। ৩

(ঘ) জনাব সমিরের বিনিয়োগ খাতটি অধিক ঝুঁকিপূর্ণ হওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

৪. জনাব মাসুদ তার অধীনে পরিচালিত দুটি প্রকল্পের মধ্যে অপেক্ষাকৃত বেশি ঝুঁকিসম্পন্ন প্রকল্পটি বাদ দিতে চাচ্ছেন। নিচের ছকে দুটি প্রকল্পের বিগত ৫ বছরের আয় দেওয়া হলো :

| বছর | ২০১৮ সাল | ২০১৯ সাল | ২০২০ সাল | ২০২১ সাল | ২০২২ সাল |
|---|---|---|---|---|---|
| প্রকল্প ১-এর আয় হার | ১৫% | ৫% | -৫% | ২০% | ২৫% |
| প্রকল্প ২-এর আয় হার | ২০% | ১৫% | ১০% | -৫% | ২০% |

(ক) ঝুঁকি কাকে বলে? ১

(খ) ব্যাবসায়িক ঝুঁকি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

(গ) জনাব মাসুদের প্রকল্প-১ এর আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩

(ঘ) জনাব মাসুদের কোন প্রকল্পটি বাদ দেওয়া উচিত? গাণিতিকভাবে যুক্তি দাও। ৪

৫. জনাব শফিক ২,০০,০০০ টাকা ৫ বছরের জন্য জমা রাখতে চান। A ব্যাংক তাকে ৭% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দিয়েছে এবং B ব্যাংক তাকে ৬.৫% হারে ৬ মাস অন্তর চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দিয়েছে।

(ক) EAR নির্ণয়ের সূত্রটি লেখ? ১

(খ) দুটি প্রকল্পের মধ্যে একটি গ্রহণ করে অন্যটির সুবিধা ত্যাগ করাকে কী বলে? ব্যাখ্যা করো। ২

(গ) জনাব শফিক A ব্যাংকে উক্ত টাকা রাখলে ৫ বছর পর কত টাকা পাবে? ৩

(ঘ) কোন ব্যাংকে টাকা রাখা জনাব শফিকের জন্য অধিক লাভজনক? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

৬. হাফিজ ট্রেডার্স ৪,০০,০০০ টাকা দীর্ঘমেয়াদি প্রকল্পে বিনিয়োগ করার কথা ভাবছেন। এমতাবস্থায় তিনি 'ক' ও 'খ' নামক দুটি প্রকল্পের পাঁচ বছরের আয়-ব্যয় প্রাক্কলন করে নিচের তথ্যাদি পান :

| প্রকল্প | নগদ প্রবাহ (টাকা) | | | | |
|---|---|---|---|---|---|
| | ২০১৫ সাল | ২০১৬ সাল | ২০১৭ সাল | ২০১৮ সাল | ২০১৯ সাল |
| ক | ১,৫৫,০০০ টাকা | ১,৭০,০০০ টাকা | ১,০০,০০০ টাকা | ১,৫০,০০০ টাকা | ১,৬৫,০০০ টাকা |
| খ | ১,৩৫,০০০ টাকা | ২,০০,০০০ টাকা | ১,৩০,০০০ টাকা | ১,৫০,০০০ টাকা | ১,২০,০০০ টাকা |

(ক) মূলধন ব্যয় কী ? ১
(খ) সংরক্ষিত আয় বলতে কী বোঝায় ? ২
(গ) হাফিজ ট্রেডার্সের 'ক' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৩
(ঘ) দীর্ঘমেয়াদি বিনিয়োগের জন্য হাফিজ ট্রেডার্সের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত বলে তুমি মনে করো ? গাণিতিকভাবে যুক্তি দাও। ৪

## খ বিভাগ (ব্যাংকিং অংশ)

৭. 'ক' ব্যাংকের অনুমতিক্রমে 'চ' ব্যাংক প্রতিষ্ঠিত হয়। এজন্য সপ্তাহে এবং মাসে তাদের কাজের বিবরণ 'ক' ব্যাংকের নিকট পাঠাতে হয়। 'চ' ব্যাংকের অর্থ সংকট পড়লে 'ক' ব্যাংক শেষ আশ্রয় হিসাবে ঋণ দিয়ে থাকে।

(ক) মুদ্রা কী ? ১
(খ) মুদ্রা ছাড়া ব্যাংক চলতে পারে না কেন ? ব্যাখ্যা করো। ২
(গ) মুদ্রা বাজারের অভিভাবক হিসেবে 'ক' ব্যাংকের সাথে 'চ' ব্যাংকের কীরূপ সম্পর্ক বিদ্যমান ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) সরকারের ব্যাংক হিসেবে 'ক' ব্যাংক কীভাবে 'চ' ব্যাংককে অর্থ সংকটে সাহায্য করে তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৮. জনাব আলি 'Z' ব্যাংকে চাকরি করেন। উক্ত ব্যাংকটি মুদ্রাবাজার নিয়ন্ত্রণ করে। 'Y' ব্যাংকে তার একটি হিসাব রয়েছে। যেখানে তিনি ২৪ ঘণ্টা ব্যাংকি সেবা পেয়ে থাকেন।

(ক) আঞ্চলিক ব্যাংক কী ? ১
(খ) স্কুল ব্যাংক বলতে কী বোঝায় ? ব্যাখ্যা করো। ২
(গ) জনাব আলির কর্মরত ব্যাংকটি কার্যভিত্তিক কোন শ্রেণির ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) 'Y' ব্যাংক জীবনযাত্রার মানোন্নয়ন ও সহজীকরণে গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করে-উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৯. রিপন বিশ্বাসের সৌরভ জুয়েলার্স নামে জেটিসি রোডে একটি দোকান আছে। MC ব্যাংকে ঋণ গ্রহণের জন্য তাকে একটি হিসাব খুলতে হয়। উক্ত হিসাব থেকে টাকা উত্তোলন করলে, ওই হিসাবে ডেবিট করা হয়। এতে রিপন অর্থনৈতিকভাবে লাভবান হন ও তার জীবনযাত্রার মানের উন্নতি হয়।

(ক) বাণিজ্যিক ব্যাংক কী ? ১
(খ) লকার ভাড়া বলতে কী বোঝায় ? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের ব্যাংকটির হিসাব খোলার মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকের প্রধান কার্যাবলির কোন কার্য সংগঠিত হয়েছে ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) MC ব্যাংক কোন ধরনের উদ্দেশ্য পালন করেছে ? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

১০. জনাব তপুর নিলয় ব্যাংকে একটি হিসাব রয়েছে। সে হিসাবটি থেকে জমাতিরিক্ত টাকা উত্তোলনের সুযোগ রয়েছে। উক্ত ব্যাংকটি তাকে একটি কার্ড প্রদান করেছে যার মাধ্যমে ব্যাংক হিসাবে টাকা না থাকলেও পণ্যদ্রব্য কেনাকাটা করা যায়।

(ক) স্থায়ী হিসাব কী ? ১
(খ) তালিকাভুক্ত ব্যাংক বলতে কী বোঝায় ? ব্যাখ্যা করো। ২
(গ) জনাব তপুর ব্যাংক হিসাবটির বর্ণনা করো। ৩
(ঘ) উদ্দীপকের আলোকে নিলয় ব্যাংক কর্তৃক প্রদত্ত কার্ডটির গুরুত্ব মূল্যায়ন করো। ৪

১১. জনাব শাহ আলম লেনদেন নিষ্পত্তির জন্য জনাব আশিককে একটি চেক প্রদান করে অর্থপ্রাপ্তির নিশ্চয়তা ও নিরাপত্তার জন্য চেকটির বাম কোনের উপরিভাগে আড়াআড়িভাবে সমান্তরাল দুটি রেখা অঙ্কন করে দিলেন। জনাব আশিক চেকের অর্থপ্রাপ্তির জন্য শাপলা ব্যাংকে গেলে ব্যাংক কর্মকর্তা চেকটি তার ব্যাংক হিসাবে জমা দিতে বললেন।

(ক) ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র কোনটি ? ১
(খ) ডেটর-ক্রেডিটর সম্পর্ক বলতে কী বোঝায় ? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে জনাব আশিককে প্রদত্ত চেকটি কোন ধরনের ? বর্ণনা করো। ৩
(ঘ) শাহ আলমের প্রতি শাপলা ব্যাংক কোন দায়িত্ব পালন করেছে ? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর জারুল

নির্বাচনি পরীক্ষা ২০২৩ খ্রি.

শ্রেণি : দশম

বিষয় : ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল) বিষয় কোড : ১৫২

সময়সীমা : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[বিশেষ দ্রষ্টব্য : ডান পাশে লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ-সহকারে পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। প্রত্যেক বিভাগ থেকে কমপক্ষে **৩টি** করে মোট **৭টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ (ফিন্যান্স অংশ)

১. জনাব মামুন একটি কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। কোম্পানির পণ্য উৎপাদন বৃদ্ধির জন্য স্থানীয় বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ নিয়ে একটি উৎপাদনমুখী মেশিন ক্রয়ের সিদ্ধান্ত নিলেন। এই সিদ্ধান্তের মাধ্যমে একটি পরিকল্পনা করে দেখলেন যে, মেশিনটি ক্রয়ের ফলে প্রস্তুতকৃত পণ্যসামগ্রীর বিক্রয় পূর্বের তুলনায় বৃদ্ধি পাবে এবং প্রত্যাশিত সর্বমোট নগদ প্রবাহ মেশিনটির ক্রয়মূল্য থেকে বেশি হবে।

(ক) ব্যবসায় প্রতিষ্ঠান কাকে বলে? ১

(খ) উপযুক্ততার নীতিটি ব্যাখা করো। ২

(গ) উদ্দীপকে কোন ধরনের অর্থায়নের কথা বলা হয়েছে? বর্ণনা করো। ৩

(ঘ) উৎপাদন বৃদ্ধিতে জনাব মামুনের মেশিন ক্রয়-সংক্রান্ত সিদ্ধান্তের ভূমিকা মূল্যায়ন করো। ৪

২. জনাব শিমুল বাংলাদেশ সরকারের 'লার্নিং অ্যান্ড আর্নিং' প্রকল্পের মাধ্যমে গ্রাফিক ডিজাইন-এর উপর প্রশিক্ষণ নিয়ে দক্ষতা অর্জন করেছেন। এখন ফ্রিল্যান্সিং শুরু করার জন্য ভালো মানের একটি ল্যাপটপ প্রয়োজন। এজন্য তিনি ব্র্যাক ব্যাংক থেকে ২ বছরের জন্য ১,০০,০০০ টাকা ঋণ নিলেন।

(ক) অভ্যন্তরীণ তহবিল কাকে বলে? ১

(খ) সঞ্চিতি তহবিল কী? ব্যাখ্যা করো। ২

(গ) জনাব শিমুল কোন উৎস থেকে অর্থসংস্থান করেছেন? বর্ণনা করো। ৩

(ঘ) জনাব শিমুল আর কোন উৎস থেকে তার প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করতে পারতেন বলে তুমি মনে করো। উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩. জনাব রাহাত গোলাপ ও সুগন্ধা নামক দুটি প্রকল্পে মুলধন বিনিয়োগ করেছেন। কিন্তু মূলধন অপর্যাপ্ততার কারণে একটি প্রকল্পের কার্যক্রম বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেন। প্রকল্প দুটির গত ৫ বছরের আয়ের পরিমাণ নিম্নরূপ :

| বছর | প্রকল্প গোলাপ (আয় %) | প্রকল্প সুগন্ধা (আয় %) |
|---|---|---|
| ২০১৫ | ২২ | ২৩ |
| ২০১৬ | ২০ | ১৯ |
| ২০১৭ | ১৬ | ১৮ |
| ২০১৮ | ১৮ | ২০ |
| ২০১৯ | ১৪ | ১০ |

(ক) ঝুঁকি কাকে বলে? ১

(খ) ডিবেঞ্চার-এ বিনিয়োগকারীদের কীসের ঝুঁকি বহন করতে হয়? ব্যাখ্যা করো। ২

(গ) আদর্শ বিচ্যুতির সূত্র ব্যবহার করে 'গোলাপ' প্রকল্পের ঝুঁকির পরিমাণ নির্ণয় করো। ৩

(ঘ) জনাব রাহাতের কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত বলে তোমার মনে হয়। কারণ বিশ্লেষণ করো। ৪

৪. জনাব রাকিবের কাছে BC কোম্পানির ১০০০টি শেয়ার রয়েছে যেখান থেকে তিনি নিয়মিত আয় পাচ্ছেন কিন্তু কোম্পানির পুরোপুরি মালিকানা পাচ্ছেন না। অপরদিকে জনাব মাসুদের কাছে উক্ত কোম্পানির ১০০০টি শেয়ার রয়েছে যেখান থেকে তিনি নিয়মিত আয় পাচ্ছেন না কিন্তু কোম্পানি নিয়ন্ত্রণের পূর্ণ ক্ষমতা পাচ্ছেন।

(ক) শেয়ার কাকে বলে? ১

(খ) স্টক লভাংশ কী? ব্যাখ্যা করো। ২

(গ) জনাব রাকিব BC কোম্পানিতে কোন ধরনের শেয়ারে বিনিয়োগ করেছেন? বর্ণনা করো। ৩

(ঘ) জনাব রাকিবের বিনিয়োগের তুলনায় জনাব মাসুদের বিনিয়োগ অধিক ঝুঁকিপূর্ণ কেন? মতামত দাও। ৪

৫. জনাব মোমিন ৫ বছর পর ৪,০০,০০০ টাকা পাওয়ার আশায় এখনই কিছু টাকা ব্যাংকে জমা করতে চান। C ব্যাংক তাকে ৮% হারে সুদ দিতে চাচ্ছেন অপরদিকে D ব্যাংক তাকে ৭.৫% হারে মাসিক চক্রবৃদ্ধিতে সুদ দিতে চাচ্ছেন।

(ক) অর্থের সময়মূল্য কাকে বলে? ১

(খ) প্রকল্প মুল্যায়ন ধারণাটি ব্যাখ্যা করো। ২

(গ) C ব্যাংকের প্রস্তাবে রাজি হলে জনাব মোমিনকে কত টাকা এখন জমা রাখতে হবে? ৩

(ঘ) কোন ব্যাংকে টাকা জমা রাখলে জনাব মোমিন অধিক লাভবান হবেন? মতামত দাও। ৪

৬. মনে করো, তোমার বাবা ৩ বছর মেয়াদি 'ক' ও 'খ ' প্রকল্পের যে-কোনো একটিতে ৮,০০,০০০ টাকা বিনিয়োগ করতে চাচ্ছেন। প্রকল্পদুটির তথ্য নিম্নরূপ :

প্রকল্প ক-এর আগামী ৩ বছর প্রাক্কলিত বিক্রয় যথাক্রমে ৩,০০,০০০ টাকা, ৪,০০,০০০ টাকা ও ৩,৫০,০০০ টাকা। স্থায়ী খরচ ৫০,০০০ টাকা, অবচয় ৪০,০০০ টাকা, চলিত খরচ বিক্রয়ের ৩০% এবং কর হার ৩০% ।

প্রকল্প খ-এর আগামী ৩ বছর প্রাক্কলিত বিক্রয় যথাক্রমে ৩,০০,০০০ টাকা, ৩,০০,০০০ টাকা ও ৩,৫০,০০০ টাকা। স্থায়ী খরচ ৫০,০০০ টাকা, অবচয় ৩০,০০০ টাকা, চলিত খরচ বিক্রয়ের ৩০% এবং কর হার ৩০% ।

(ক) তহবিলের খরচ (Cost of fund) কী ? ১
(খ) কাম্য ঋণনীতি বলতে কী বোঝায় ? ব্যাখ্যা করো। ২
(গ) প্রকল্প ক-এর গড় মুনাফার হার নির্ণয় করো ? ৩
(ঘ) তোমার বাবার কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত ? গাণিতিকভাবে মতামত দাও। ৪

## খ বিভাগ (ব্যাংকিং অংশ)

৭. জনাব মাসুম একজন ব্যাংক কর্মমর্তা। তিনি জানেন ব্যাংকিং একটি ঝুঁকিবহুল ব্যবসায়। তার কর্মরত শাখায় ব্যবসায়ী জনাব মাসুদ ঋণের জন্য আবেদন করলে তিনি তার আর্থিক স্বচ্ছলতা ও সততার বিষয়ে গুরুত্ব দেন। পাশাপাশি তিনি প্রয়োজনীয় কাগজপত্র যাচাই বাছাই করে ঋণ মঞ্জুর করেন।

(ক) শিল্প ব্যাংক কী ? ১
(খ) মোবাইল ও ইন্টারনেট ব্যাংকিংয়ের মাধ্যমে ব্যাংকিং সেবা সহজ করেছে—ব্যাখ্যা করো। ২
(গ) ব্যবসায়ী জনাব মাসুদকে ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংক কোন নীতি অনুসরণ করেছে ? বর্ণনা করো। ৩
(ঘ) জনাব মাসুদের মতো ব্যক্তিদের আর্থিক সচ্ছলতা যাচাই-বাছাই করা ব্যাংকের অন্যতম কাজ—মূল্যায়ন করো। ৪

৮. এসি ব্যাংকের একটি শাখা লাঙ্গলবাঁধ বাজারে আবস্থিত। ব্যাংকটি সেখানকার লোকদের অর্থ বিভিন্ন হিসাবের মাধ্যমে গ্রহণ করে। উক্ত জমা অর্থের ওপর নির্দিষ্ট হারে সুদ প্রদান করে থাকে। এছাড়াও ব্যাবসায়িক সম্পর্ক স্থাপনে আমদানিকারক ও রপ্তানিকারককে দেশি ও বৈদেশিক মুদ্রা রূপান্তর করে সহযোগিতা করে থাকে।

(ক) বাণিজ্যিক ব্যাংক কাকে বলে ? ১
(খ) বাণিজ্যিক ব্যাংকের পরিশোধিত মূলধন বলতে কী বোঝায় ? ২
(গ) উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি কোন ধরনের ব্যাংক ? আলোচনা করো। ৩
(ঘ) তুমি কি মনে করো, মুদ্রা রূপান্তরের কাজটি এসি ব্যাংকের একটি প্রতিনিধিত্বমূলক কাজ ? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯. সুসংগঠিত এবং নিয়ন্ত্রণমূলক ব্যাংকিং ব্যবস্থার সৃষ্টি ও অর্থনৈতিক উন্নয়নের জন্যই 'ক' ব্যাংক প্রতিষ্ঠিত হয়। পরিকল্পনা বাস্তবায়ন ও সরকারকে প্রয়োজনীয় পরামর্শ দেওয়াও এর উদ্দেশ্য। ব্যাংকটি বাংলাদেশের রাষ্ট্রপতির অধ্যাদেশ ১২৭-এর মাধ্যমে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর থেকে স্থায়ী ও কার্যকর হয়।

(ক) মুরাবাহা কাকে বলে ? ১
(খ) বিদেশি ব্যাংক বলতে কী বোঝায় ? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি কোন ধরনের ? বর্ণনা করো। ৩
(ঘ) উদ্দীপকের উল্লিখিত ব্যাংকটি দেশের সার্বিক উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করেছেন—বিশ্লেষণ করো। ৪

১০.

| ক-এর দায়িত্ব | খ-এর দায়িত্ব |
|---|---|
| • টাকা চাহিবামাত্র ফেরত দিতে বাধ্য থাকে<br>• আইনগত অনুমতি ছাড়া গ্রাহকের হিসাবের তথ্য প্রকাশ করে না<br>• প্রাপ্য সুদ স্বয়ংক্রিয়ভাবে জমা করে | • হিসাব খোলা থেকে সর্বাবস্থায় ব্যাংককে সঠিক তথ্য প্রদান করে<br>• চুক্তি অনুযায়ী ঋণের সুদ ও আসল প্রদান করে<br>• চেক অঙ্কনে সতর্কতা এবং নিয়ম মেনে চলে |

(ক) চেক কাকে বলে ? ১
(খ) ব্যাংক কীভাবে গ্রাহকের অছি হিসেবে কাজ করে ? ২
(গ) উদ্দীপকে উল্লিখিত 'ক'-এর পরিচয় বর্ণনা করো। ৩
(ঘ) ব্যাংক হিসাব খোলার মাধ্যমে উভয়পক্ষের মধ্যে অধিকার ও দায়িত্ব সৃষ্টি হয়—উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

১১. স্কুল শিক্ষিকা রায়হানা ভবিষ্যতের প্রয়োজনে এককালীন ৫,০০,০০০ টাকা R ব্যাংকে জমা রাখে। উক্ত জমাকৃত টাকার সুদ থেকে প্রিমিয়াম হিসেবে কিছু টাকা জমা দিয়ে মোট টাকার বিমার সুবিধা ভোগ করে।

(ক) দ্রব্য বিনিময় প্রথা কী ? ১
(খ) মুদ্রাকে ব্যাংক ব্যবস্থার জননী বলা হয় কেন ? ব্যাখ্যা করো। ২
(গ) R ব্যাংকটি কোন ধরনের ব্যাংক ? বর্ণনা করো। ৩
(ঘ) উদ্দীপকে উল্লিখিত ব্যবস্থায় বিমার সুবিধা ভোগ করা রায়হানার জন্য কতটুকু যৌক্তিক ? তোমার মতামত দাও। ৪